

## তিন সচিবের দফতর পরিবর্তন : মুখ্য সচিব হলেন সোবহান সিকদার

বিশেষ সংবাদদাতা

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব পদে নতুন নিয়োগের প্রকাশনে তিনজন গুরুত্বপূর্ণ সচিবের দফতর পরিবর্তন করা হয়েছে। মঙ্গলবার এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়।

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব হয়েছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের (দিনিয়ার) সচিব আবদুস সোবহান সিকদার, পিএস সচিব ড. কামাল আবদুস সাব্বের চৌধুরী জনপ্রশাসন মন্ত্রণালয়ে, নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব ড. মোহাম্মদ সাদিককে শিক্ষা মন্ত্রণালয়ে এবং নির্বাচন কমিশন সচিবালয়ের অতিরিক্ত সচিব মোঃ হিরাজুল ইসলামকে নির্বাচন কমিশন সচিবালয়ের ভারপ্রাপ্ত সচিব পদে নিয়োগ দেয়া হয়েছে। এছাড়া ঢাকার অতিরিক্ত বিভাগীয় কমিশনার মোঃ মোঃ হোসেনের স্থানকে নির্বাচন কমিশন সচিবালয়ের অতিরিক্ত সচিব পদে নিয়োগ দেয়া হয়।

প্রসঙ্গত, উল্লিখিত রদবদলের বিষয়ে মঙ্গলবার যুগান্তরে প্রথম আপনে খবর প্রকাশিত হয়। এছাড়া 'মুখ্য সচিব পদে সোবহান সিকদার'ই নিয়োগ পাচ্ছেন' ঘর্ষে যুগান্তরে গত মাসেও রিপোর্ট প্রকাশিত হয়। এদিকে প্রকাশনে কর্তৃত্ব বিভিন্ন পর্যায়ের বেশ কয়েকজন কর্তৃকর্তা যুগান্তরকে বলেন, দীর্ঘদিন পর জনপ্রশাসন মন্ত্রণালয়ে একজন অধিকতর যোগা ও সং কর্তৃকর্তাকে নিয়োগ দেয়া হয়েছে।

নিয়োগ পাওয়া ড. কামাল নামের চৌধুরী স্বভাব কাছের একজন জনপ্রিয় আমলা হিসেবে পরিচিত। এছাড়া কবি হিসেবেও তার খ্যাতি রয়েছে। তিনি আগামী গোব্বার নতুন মন্ত্রণালয়ে যোগ দেবেন বলে জানা গেছে।